




## ডেসটিনি-যুবকের গ্রাহকদের জন্য সুখবর

প্রকাশ | ২৭ সেপ্টেম্বর ২০২১, ১১:২১ | আপডেট: ২৭ সেপ্টেম্বর ২০২১, ১১:৩৬

 আরটিভি নিউজ



ফাইল ছবি

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি মনে করেন যুবক ও ডেসটিনির যে পরিমাণ সম্পদ আছে তা বিক্রি করলে গ্রাহকদের অন্তত ৫০ থেকে ৬০ শতাংশ পাওনা পরিশোধ করা সম্ভব।

তিনি বলেছেন, বাণিজ্য মন্ত্রণালয় যদি প্রতিষ্ঠানগুলোর সম্পদ ন্যায্য মূল্যে বিক্রি করে, তাহলে গ্রাহকদের ৫০ থেকে ৬০ ভাগ টাকা পরিশোধ হবে। তবে সেটাতে আইনমন্ত্রীর সহযোগিতা লাগবে। মন্ত্রীকে বলেছি, তিনি বলেছেন, এটি আদালতের ব্যাপার। আইনের বামেলা মেটাতে আদালতের রায় পেতে হবে।

রোববার রাজধানীর ইস্কাটনে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যালয়ে ‘প্রতিযোগিতা আইন বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে ইকোনমিক রিপোর্টার্স ফোরামের ভূমিকা’ শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী বলেন, ডিজিটাল বাণিজ্য বিশ্বব্যাপী জনপ্রিয় হয়ে উঠছে। বাংলাদেশে গুটিকয়েক অসৎ প্রতিষ্ঠানের কারণে ই-কমার্স বন্ধ করে দেওয়ার সুযোগ নেই।

তিনি বলেন, করোনাকালে ই-কমার্স ভোক্তাদের সেবায় কাজ করে সুনাম অর্জন করেছে। বিগত দুটি ঈদুল আজহায় কোরবানির পশু ক্রয়-বিক্রয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। সরকার যথাযথ আইন প্রণয়ন করে সুশৃঙ্খলভাবে ই-বাণিজ্য পরিচালনার জন্য কাজ করছে। উৎপাদন খরচের চেয়েও কম দামে পণ্য দেওয়ার অফার বাস্তবসম্মত নয়, এটি বুঝতে হবে।

ই-কমার্স সম্পর্কে পরিষ্কার ধারণা থাকা প্রয়োজন জানিয়ে মন্ত্রী বলেন, সচেতনতা বাড়াতে হবে, ইকোনমিক রিপোর্টার্স ফোরামের সাংবাদিকরা এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। ই-কমার্স বিষয়ে মানুষকে সচেতন হতে হবে। ইতোপূর্বে যেসব প্রতিষ্ঠান মানুষকে প্রতারিত করেছে, সেগুলোর অনেক সম্পদ আছে। সম্পদগুলো বিক্রয় করলে অনেকের পাওনা পরিশোধ করা সম্ভব। এসব বিষয় মাথায় রেখে সরকার কাজ করছে।

তিনি বলেন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন বাণিজ্য ক্ষেত্রে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিত করতে কাজ করে যাচ্ছে। এ কমিশনকে শক্তিশালী করতে সরকার কাজ করছে।

ই-কমার্সের সমস্যা সমাধানে সবাই মিলে কাজ করার আহ্বান জানিয়ে বাণিজ্যমন্ত্রী বলেন, আমরা চেষ্টা করছি আইন পরিবর্তন করে ই-কমার্স খাতকে শৃঙ্খলার মধ্যে আনার। এই তিন-চার কিংবা ১৫ থেকে ২০টি কোম্পানির জন্য ই-কমার্স খাতকে বিপদে ফেলতে চাই না।

এসএস

---

প্রধান সম্পাদক : সৈয়দ আশিক রহমান

বেঙ্গল মিডিয়া করপোরেশন লিমিটেড

১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ

কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ফোন : +৮৮০-২-৫৫০১৩৫১১ - ১৫

নিউজ রুম: +৮৮০-১৮৭৮১৮৪৩৬৯ - ৭০

ই-মেইল : news@rtvonline.com

বিজ্ঞাপন : rtvdigitalad@gmail.com

---

© স্বত্বাধিকার সংরক্ষিত ২০১৬-২০২১ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি